ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩৩.২৬.১৮৯.২৩ নথির বিষয়: Mass Cleaning of main trunk sewer line from PSTP to Jurin rail gate by daily basis labour under PSTP Division.

নোট: ১ নোটের বিষয়: **Mass Cleaning of main trunk sewer line from PSTP to Jurin rail gate by daily basis labour under PSTP Division.**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৯/১১/২৩ ৭:২৬ অপরাহ্ন

ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকার পয়ঃ সংগ্রহ করে দৈনিক ১২০ মিলিয়ন লিটার শোধন ক্ষমতাসম্পন্ন পাগলা পয়ঃ শোধনাগারের লেগুনে (পুকুর) এরোবিক/নন-এরোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে ক্লোরিন সংযোগ করার পর ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হয়। উক্ত স্থাপনা হতে বর্তমানে লিফট পাম্প, স্লাজ পাম্প, আউটফল পাম্প, ৯.০ কিঃ মিঃ অভ্যন্তরীন ও ৪টি প্রধান পয়ঃ লাইন ক্লিনিংসহ বিভিন্ন মডস্ জোন এর আওতাধীন ১৭ টি পয়ঃ উত্তোলন কেন্দ্রসহ নারিন্দা পয়ঃ পাম্পিং স্টেশনের যাবতীয় বৈদ্যুতিক ও যান্ত্রিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুষ্ঠুভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হয়ে থাকে। ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে স্থাপিত পয়ঃ উত্তোলন কেন্দ্র হতে নেটওয়ার্কের মাধ্যমে স্যুয়ার পয়ঃ শোধনাগারের ইনলেট চেম্বারে জমা হয়। ঢাকা ওয়াসায় বিদ্যমান পয়ঃ নিস্কাশন ব্যবস্থা ও পয়ঃ নেটওয়ার্ক বিষয়ে এক সমন্বয় সভা গত ২৮/১০/২০২১ইং তারিখ ডাইরেক্টর (টেকনিক্যাল) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয় (সংযুক্তি-৩)। উক্ত সভায় সুষ্ঠুভাবে পয়ঃ নিষ্কাশন ব্যবস্থাপনা নিশ্চিতের লক্ষ্যে প্রতিটি SLS হতে পরবর্তী SLS পর্যন্ত ট্রাংক সুয়্যার লাইনগুলি পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ কর্তৃক ক্লিনিং করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ছাড়াও উল্লেখ্য, মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ৯৭২০/২০১১ এ প্রধান পয়ঃ লাইন সমূহ পরিস্কার ও সংস্কার পূর্বক পয়ঃ প্রবাহ বৃদ্ধি করার কথা নির্দেশনা-৬ এ রয়েছে। এরই ধারাবাহিকতায় উদ্ধর্তন কর্তৃপক্ষের নির্দেশনার প্রেক্ষিতে দৈনিক মজুরী ভিত্তিতে শ্রমিক নিয়োজিত করে ট্রাংক সুয়্যার লাইন ও চেম্বার পরিষ্কার করণের কাজ চলমান রয়েছে। বর্তমানে PSTP to Jurian rail gate এর মধ্যবর্তী মেইন ট্রাংক সুয়্যার লাইন ক্লিনিং সহ ম্যানহোল চেম্বার ক্লিনিং করা প্রয়োজন।

সংযুক্তিসমূহ (৭):

১। ২০২৩-২০২৪ইং অর্থবছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ফটোকপি।.pdf
২। ২০১১ এর প্রেক্ষিতে প্রদত্ত রায়ের কপি।_2.pdf
৩। ২০২১ইং। সভার কার্যবিবরণী।_2.pdf
৪। বর্ণিত এলাকার মেইন ট্রাংক সুয়ার লাইনের নক্সা ।.pdf
৫। পূর্বানুমোদিত দর।.pdf
৬। প্রাক্কলন।.pdf
৭। প্রতিবেদন.pdf

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৯/১১/২৩ ৭:৩৪ অপরাহ্ন

এমতাবস্থায়, "Mass Cleaning of main trunk sewer line from PSTP to Jurin rail gate by daily basis labour under PSTP Division." শীর্ষক কাজটি অতি জরুরী বিধায় ন্যূনতম সময়ে সম্পন্ন করার লক্ষ্যে পিপিআর-২০০৮ এর ৮২(১) বিধি অনুসারে Force Account এর মাধ্যমে অত্র বিভাগের অনুকূলে মজুরীর বিনিময়ে সরাসরি শ্রমিক নিয়োজিত করে কাজ সম্পাদনের নিমিত্তে পেশকৃত সর্বমোট ২,৮৮,০০০/- (দুই লক্ষ অটাশি হাজার) টাকা মাত্র প্রাক্কলনটি সদয় অনুমোদন করা যেতে পারে।

ক)কাজটি পিপিআর-২০০৮ এর ৮২(১) বিধি অনুসারে Force Account এর মাধ্যমে অত্র বিভাগের অনুকূলে মজুরীর বিনিময়ে সরাসরি শ্রমিক নিয়োজিত করে সম্পাদনের এর অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক ৳ ২,৮৮,০০০/- (দুই লক্ষ অটাশি হাজার) টাকা মাত্র প্রাক্কলনটির আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৩-২৪ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের "Sewer Line Maintenance" (কোড ০১-০৪-০০২) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।

৯/১১/২৩ ৭:৫৬ অপরাহ্ন মোঃ আব্দুস সালাম উপ-সহকারী প্রকৌশলী পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	১০/১১/২৩ ৮:০০ অপরাহ্ন মোঃ হাসিবুল হাসান সহকারী প্রকৌশলী পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	১২/১১/২৩ ৮:৪৩ পূর্বাহ্ন মোঃ রাহাত শিকদার নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	~~১২/১১/২৩ ৮:৪৩ পূর্বাহ্ন~~ ~~মির্জা গোলাম কিবরিয়া~~ ~~তত্ত্বাবধায়ক প্রকৌশলী~~ ~~পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল~~

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৩/১১/২৩ ৮:৩৩ পূর্বাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.1

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

১৩/১১/২৩ ৮:৩৩ পূর্বাহ্ন
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

১৩/১১/২৩ ১০:১৬ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)

১৪/১১/২৩ ২:৩০ অপরাহ্ন
এ. কে. এম. সহিদ উদ্দিন
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) এর দপ্তর

~~১৪/১১/২৩ ২:৩০ অপরাহ্ন~~
~~প্রকৌশলী তাকসিম এ খান~~
~~ব্যবস্থাপনা পরিচালক~~
~~ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৭/১১/২৩ ১২:১৯ পূর্বাহ্ন

Okay

১৭/১১/২৩ ১২:১৯ পূর্বাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

~~১৭/১১/২৩ ১২:১৯ পূর্বাহ্ন~~
~~মোঃ রাহাত শিকদার~~
~~নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~
~~পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১৭/১১/২৩ ৯:১৩ পূর্বাহ্ন

ব্যবস্থা নিন।

১৭/১১/২৩ ৯:১৩ পূর্বাহ্ন
মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

১৭/১১/২৩ ৬:৪৭ অপরাহ্ন
মোঃ আব্দুস সালাম
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা